

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.০১০.২৩ নথির বিষয়: খুলনা ওয়াসার প্রকৌশল কর্মকর্তাদের জন্য ঢাকা ওয়াসার “DMA Management System” পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত।

নোট: ১ নোটের বিষয়: খুলনা ওয়াসার প্রকৌশল কর্মকর্তাদের জন্য ঢাকা ওয়াসার “DMA Management System” পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৬/৯/২৩ ৩:১২ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ে খুলনা ওয়াসা হতে প্রাপ্ত পত্র (সংযুক্ত) সদয় দেখা যেতে পারে। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা ওয়াসা NRW হ্রাস করার লক্ষ্যে DMA বাস্তবায়ন করে পানি সরবরাহ শুরু করেছে। DMA সিস্টেম একটি নতুন ধারণা এবং ঢাকা ওয়াসা DMA সিস্টেমে পানি সরবরাহ করছে। সেজন্য ঢাকা ওয়াসার DMA সিস্টেম বাস্তবে পরিদর্শন করে তা খুলনা ওয়াসায় কাজে লাগানোর লক্ষ্যে খুলনা ওয়াসার ০১ জন নির্বাহী প্রকৌশলী এবং ০৫ জন সহকারী প্রকৌশলীকে এ বিষয়ে পরিদর্শন/প্রশিক্ষণ প্রদানের জন্য জনাব মোঃ আব্দুল্লাহ, পিইঞ্জ, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা স্বাক্ষরিত পত্রে অনুরোধ জানিয়েছেন। তদপ্রেক্ষিতে খুলনা ওয়াসার ০১ জন নির্বাহী প্রকৌশলী এবং ০৫ জন সহকারী প্রকৌশলীকে DMA সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে আগামী ২৩ অক্টোবর ২০২৩ তারিখে ঢাকা ওয়াসায় DMA পরিদর্শন/প্রশিক্ষণ এর আয়োজন করা যেতে পারে। উক্ত পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রমের জন্য জনাব এ কে এম সহিদ উদ্দিন, উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), ঢাকা ওয়াসা এর সাথে আলোচনাক্রমে কর্মসূচী (সংযুক্ত) প্রণয়ন করা হয়েছে। ঢাকা ওয়াসার DMA পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রমটিতে অংশগ্রহণের জন্য খুলনা ওয়াসার ০১ জন নির্বাহী প্রকৌশলী এবং ০৫ জন সহকারী প্রকৌশলীকে আমন্ত্রণ জানানো হবে। এ পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রমে ঢাকা ওয়াসার DMA সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদানের জন্য জনাব এ কে এম সহিদ উদ্দিন, উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), ঢাকা ওয়াসা এবং জনাব জুনায়েদ আবু ইয়াসীর, নির্বাহী প্রকৌশলী, ঢাকা এনভাইরনমেন্টাল সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট, ঢাকা ওয়াসাকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। Letter from MD_KWASA.pdf

২। Program for KWASA.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৬/৯/২৩ ৩:১৩ অপরাহ্ন

০১ দিন ব্যাপী উক্ত পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সম্ভাব্য ব্যয় নিম্নরূপ:

(ক) বক্তার সম্মানী	৭,০০০/-	২ সেশন ২০০০/- টাকা হারে + ২ সেশন ১৫০০/- টাকা হারে
(খ) আপ্যায়ন (দুপুরের খাবার ও নাস্তা ২ বার)	১০,০০০/-	বক্তা ও কো-অর্ডিনেটরসহ ১০ জন ১০০০/- টাকা হারে
(গ) ব্যাগ, পেন ড্রাইভ (64 GB), নোটবুক ও কলম	১৫,০০০/-	৬ সেট ২৫০০/- টাকা হারে
(ঘ) WOP2 কর্তৃক প্রণীত ৫ মডিউলের DMA Management Training Materials ফটোকপি ও বিবিধ	৫,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=৩৭,০০০/-	(কথায়: টাকা সাইত্রিশ হাজার মাত্র)


অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৬/৯/২৩ ৩:১৩ অপরাহ্ন

এমতাবস্থায়, ০১ দিন ব্যাপী খুলনা ওয়াসার ০১ জন নির্বাহী প্রকৌশলী এবং ০৫ জন সহকারী প্রকৌশলীর জন্য উক্ত পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রমের প্রোগ্রাম, পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৩৭,০০০/- (টাকা সাইত্রিশ হাজার মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয়

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে। এছাড়াও উক্ত পরিদর্শন/প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত ফিল্ড ভিজিট এর জন্য ঢাকা ওয়াসার পরিবহন পুল হতে ড্রাইভার সহ একটি এসি মাইক্রোবাস ব্যবহারেরও অনুমোদন দেয়া যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



২৬/৯/২৩ ৩:২২ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



২৬/৯/২৩ ৩:২৫ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৭/৯/২৩ ৯:৩১ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) এর দপ্তর

২৭/৯/২৩ ৯:৩১ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১/১০/২৩ ১০:৪৪ অপরাহ্ন

Okay



২৬/১০/২৩ ৬:০৩ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



২৬/১০/২৩ ১১:২০ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৬/১০/২৩ ১২:৫০ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা